“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা” শীর্ষক প্রকল্পের ২৪/০৩/১৮ তারিখে কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ প্রতিনিধিবৃন্দের সাথে, চেম্বার ভবন, কুষ্টিয়া তে অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | “প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা” শীর্ষক প্রকল্প। |
| PRA সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান | : | ২৪/০৩/২০১৮ তারিখে, সকাল ১১:৩০ ঘটিকায়. কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ প্রতিনিধিবৃন্দের সাথে চেম্বর ভবন কুষ্টিয়াতে PRA সেশন অনুষ্ঠিত হয়। |
| উপস্থিতির তালিকা | : | PRA সেশনে উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত করা হলো। |
| আলোচনা | : | কুষ্টিয়া জেলার, কুষ্টিয়া সদর উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে “প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব প্রভাষ চন্দ্র কুন্ডু, প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে উপস্থিত অংশগ্রহণকারীদের ধারণা প্রদান করেন। এ বিষয়ে তিনি বলেন যে, কুষ্টিয়া সদর উপজেলা, কুষ্টিয়া জেলার অর্থনীতির প্রাণকেন্দ্র। আর এই অর্থনীতি সামগ্রিকভাবে নিয়ন্ত্রিত ও পরিচালিত হয় কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাট্রিজ এর মাধ্যমে। তাই পরিকল্পনা প্রণয়নে কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রতিনিধিদের মতামত অন্তর্ভূক্ত করা অত্যন্ত প্রয়োজন। নতুন নতুন শিল্প কল-কারখানা, ইন্ডাস্ট্রিজ, ব্যবসা-বানিজ্যের প্রসার, কুষ্টিয়া সদর উপজেলায় ব্যাপক কর্মসংস্থানের সুযোগ তৈরি করেছে। কুষ্টিয়া সদর উপজেলার অর্থনৈতিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনা করা এবং সদর উপজেলায় বসবাস উপযোগী পরিবেশ সৃষ্টির জন্য এই শহরকে পরিকল্পিত করে গড়ে তুলতে হবে। পরিকল্পিত উপায়ে ভূমির সুষ্ঠু ব্যবহারের জন্য তিনি তাদের সহযোগিতা করার বিষয়ে অনুরোধ জানান। তিনি উপস্থিত সদস্যদেরকে ০৪ (চার) টি গ্রুপে বিভক্ত করেন এবং বিদ্যমান সমস্যা, তাদের মতে সমস্যা সমূহের সম্ভাব্য সমাধান ও সম্ভাবনা সমূহকে আলোচনার মাধ্যমে লিপিবদ্ধ করতে অনুরোধ জানান। পরবর্তীতে প্রকল্প ব্যবস্থাপক জনাব শেখ মাহবুবুর রহমান প্রতিটি গ্রুপকে তাদের সমস্যা, সমস্যা সমূহের সম্ভাব্য সমাধান ও সম্ভাবনা সমূহ লিপিবদ্ধ করার জন্য প্রয়োজনীয় আর্ট পেপার, সাইন পেন, পোস্টার পেপার, কার্ড ইত্যাদি সরবরাহ করেন। অংশগ্রহণকারীরা তাদের নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে তাদের সমস্যা, সমাধান, সম্ভাবনা সমূহ লিপিবদ্ধ করেন। প্রতিটি গ্রুপ থেকে একজন করে প্রতিনিধি তাদের গ্রুপের সমস্যা, সমাধান, সম্ভাবনা সমূহ উপস্থিত সকলের সামনে উপস্থাপন করেন। তাদের উপস্থাপনের সময় প্রকল্প ব্যবস্থাপক তাদের উল্লেখিত সমস্যা, সমাধান, সম্ভাবনা সমূহকে কার্ডে লিপিবদ্ধ করেন ও বোর্ডে উপস্থাপন করেন। ভোটিং স্টিকারের মাধ্যমে সমস্যাগুলোকে অংশগ্রহণকারীদের ভোট প্রদানের মাধ্যমে র‍্যাংকিং করা হয়। পরবর্তীতে ভোটিং পদ্ধতিতে নির্বাচিত প্রধান প্রধান সমস্যা সমূহকে বিবেচনা করে পরিকল্পনা প্রণয়নের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। অত:পর উপস্থিত প্রতিনিধিবৃন্দদের ধন্যবাদ জ্ঞাপন ও মধ্যাহ্নভোজের মাধ্যমে PRA সেশনের সমাপ্তি ঘোষণা করা হয়। |
| অংশগ্রহণকারীদের চিহ্নিত প্রধান প্রধান সমস্যাসমূহ (ভোটিং পদ্ধতির ক্রমানুসারে) | : | ১) শহরের মাঝখান দিয়ে রেল লাইন ও এর সঠিক ব্যবস্থাপনা অভাব।<br>২) রাস্তাঘাটগুলো অপ্রশস্ত ও অপরিকল্পিত।<br>৩) N.S রোডের বিকল্প কোন রাস্তা নেই।<br>৪) ডিভাইডার সহ One Way রাস্তা নেই।<br>৫) এলাকায় ট্যানারি নেই।<br>৬) শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহে কোন পাবলিক টয়লেট নেই।<br>৭) শহর রক্ষা বাঁধের উপরে কোন রাস্তা নেই।<br>৮) শিশুকিশোরদের বিনোদনের ব্যবস্থার অপ্রতুলতা।<br>৯) বিশুদ্ধ খাবার পানির স্বল্পতা ও গ্রীষ্মে পানির অপ্রতুলতা।<br>১০) মূল শহরে যানজট সমস্যা<br>১১) স্বর্ণব্যবসায়ীদের জন্য কোন নীতিমালা নেই। |

১২) প্রাগপুর এলাকায় কোন স্থল বন্দর নেই।

১৩) বর্ষার সময় কুষ্টিয়ার মূল বানিজ্যকেন্দ্র বড় বাজার এলাকাতে জলাবদ্ধতা।

১৪) N.S রোডে ড্রেনের অব্যবস্থাপনা।

১৫) কুষ্টিয়ার মূল বানিজ্যকেন্দ্র বড় বাজার এলাকা হতে রেল লাইন অপসারণ।

১৬) বাজারের মধ্যে সুপরিকল্পিত ড্রেনের ব্যবস্থার অভাব।

১৭) শহরে স্বাস্থ্যসম্মত হোটেল নেই।

১৮) শিল্পায়নের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নেই।

১৯) কুষ্টিয়া শহরে কোন প্রকৌশল মহাবিদ্যালয় নেই।

২০) এলাকায় কৃষির উন্নয়নের জন্য কৃষি বিশ্ববিদ্যালয় নেই।

২১) শহরে কোন ইপিজেড নেই।

২২) হাউজিং এলাকায় কমিউনিটি সেন্টার নেই।

২৩)নদীর নাব্যতা কমে যাওয়ায় নদীপথে বানিজ্যে বিঘ্নতা।

২৪) বিসিক শিল্পের স্থাপনের জন্য পরিকল্পিত স্থান নেই।

২৫) আইসিটি পার্ক নেই।

অংশগ্রহণকারীদের প্রদত্ত সমাধান সমূহ (গ্রুপ অনুসারে) :

১) জগতি রেলস্টেশন থেকে C.T.B (চৌড়হাস) ক্যানেল এর উপর দিয়ে দবির মোল্লা গেট দিয়ে নতুন রেললাইন স্থানান্তর সম্ভব।-

২) রেল লাইন স্থানান্তর হলে উক্ত স্থান দিয়ে বিকল্প রাস্তা নির্মান সম্ভব, যা যানজট নিরসনে ভূমিকা রাখবে।

৩) বটতৈল হতে মজমপুর গেট হয়ে ত্রিমোহনী-বারখাদা পর্যন্ত ডিভাইডার নির্মাণ করে ওয়ান-ওয়ে রোড নির্মাণ করা যেতে পারে।

৪) ডিভাইডারের উপর দিয়ে বৃক্ষরোপন করে সৌন্দর্য বর্ধন ও পরিবেশ বান্ধব পরিবেশ গড়ে -তোলা সম্ভব।

৫) কুষ্টিয়া শহর রক্ষা বাঁধ এর উপর দিয়ে রাস্তা নির্মাণ করা হলে বিকল্প যোগাযোগ ব্যবস্থা সৃষ্টি করা সম্ভব। রাস্তাটি মঙ্গলবাড়ি বাঁধ থেকে শুরু করে বড় বাজার শ্মশানঘাট লালনশাহ মাজার -পর্যন্ত হতে পারে।

৬। বিশুদ্ধ পানির জন্য এলাকা-ভিত্তিক ওয়াটার প্ল্যান্ট নেই।

৭) কুষ্টিয়ায় ব্যবসার জন্য দৌলতপুর থানার প্রাগপুর স্থল বন্দর স্থাপন করা যেতে পারে।

৮) কুষ্টিয়া নগর উন্নয়নের জন্য ইঞ্জিনিয়ারিং কলেজ ও কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবনা রাখা যেতে পারে।

৯) কুষ্টিয়াতে চামড়া শিল্পের জন্য একটি পরিকল্পিত ট্যানারী স্থাপনা গড়ে তোলা আবশ্যক।

১০) কুষ্টিয়া গুরুত্বপূর্ণ স্থানে পাবলিক টয়লেট স্থাপনা করা যেতে পারে।

১১) শহরের জলাবদ্ধতা নিরসনে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২) স্বাস্থ্য সেবা সুরক্ষিত রাখতে অবৈধ ক্লিনিক নির্মাণ বন্ধ করতে হবে।

১৩) গ্রাম পর্যায়ে প্রতিটি বাড়ীতে স্বাস্থ্য-সম্মত স্যানিটেশন এবং অর্থনৈতিক উন্নয়নে উপযুক্ত বাড়িগুলোতে খামার তৈরীর বিষয়ে সুপারিশ মালা প্রণয়ন করা যেতে পারে।

১৪) শহরের বাড়ী নির্মাণে নীতিমালার যথাযথ প্রয়োগ করতে হবে।

১৫) স্বাস্থ্য রক্ষায় শহরে অবস্থিত হোটেল সমূহের জন্য উপযুক্ত নীতিমালা প্রণয়ন করতে হবে।

১৬) মশা মাছি নিধনে মলমূত্র অপসারণে সঠিক পরিকল্পনা নিতে হবে।-

১৭) যানজট নিরসনে এন রোড .এস.এর বিকল্প রোড এর প্রস্তাব করা যেতে পারে।

১৮) চিত্ত বিনোদনের জন্য-গড়াই নদীর পাড় ঘেষে একটি মনোরম পার্ক নির্মাণ করা যেতে পারে।

১৯) অপরিকল্পিত মার্কেট নির্মাণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

২০) বিশুদ্ধ খাবার পানির সংকট নিরসনে সুষ্ঠু Water Managementপরিকল্পনার প্রয়োজন।

২১) কুষ্টিয়াতে বিসিক নতুন শিল্প স্থাপনের কোন স্থান অবশিষ্ট নেই। নতুন নতুন উদ্যোক্তা

ব্যবসাতে আসতে চাইছেন। বিসিক এর জন্য স্থান নির্ধারণ করতে হবে।

২২) জেলার ব্যবসায় উন্নয়নের জন্য রেল যোগাযোগ উন্নত হওয়া প্রয়োজন। কিন্তু আমাদের কোন রেল গোডাউন নেই। নদী পথের উন্নয়নও প্রয়োজন। কিন্তু নদীতে পানি সব সময় না থাকার কারণে নিরবিচ্ছিন্ন নৌপথ তৈরী হচ্ছে না। এক্ষেত্রে নদী দুই পার বেঁধে নদী গভীরতা বাড়িয়ে সারা বছর পানি সরবরাহ ব্যবস্থা বহাল রাখা জরুরী। শুধু রোড এর উপর নির্ভরশীল না হয়ে ত্রিমুখী যান চলাচল ব্যবস্থা থাকা উচিত।

২৩) তথ্য প্রযুক্তির প্রসারের জন্য আইসিটি পার্ক নির্মান করা যেতে পারে।

২৪) স্বর্ণ ব্যবসায়ীদের সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করতে হবে।

সিদ্ধান্ত : PRA সেশনে আলোচিত সমস্যা, সমাধান ও সম্ভাবনা সমূহকে স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান আনুসারে ভাগ করা যেতে পারে। এবং তাদের উল্লেখিত সমস্যাগুলো তাদের প্রদত্ত সমাধান, সম্ভাবনাসমূহ পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(প্রভাষ চন্দ্র কুন্ডু)
প্রকল্প পরিচালক
"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা"
ও
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা আঞ্চলিক অফিস, খুলনা
ফোনঃ ০৪১-৭৬১২৩৩, ফ্যাক্সঃ ০৪১-৭৬২৪৯০
ই-মেইল- uddkhulna85@gmail.com

১১-০৪-১৮

"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের আওতায় ২৪/০৩/১৮ তারিখ শনিবার দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রীজ, কুষ্টিয়া প্রতিনিধিবৃন্দের সাথে আয়োজিত Participatory Rapid Appraisal (PRA) কর্মশালায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পেশা | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | সহিদুল ইসলাম<br>ব্যবসা | 01715-143388 | [signature] 24/3/18 |
| ২। | মো: মাহবুবুর রহমান<br>ব্যবসা | 01711976644 | [signature] 24-3-18 |
| ৩। | [illegible]<br>[illegible], কুষ্টিয়া | 01718221458 | [signature] 24/3/2018 |
| ৪। | [illegible]<br>Director KCCI. | 01718045310 | [signature] 24/3/18 |
| ৫। | মো: মুস্তাফিজুর রহমান চৌধুরী<br>ব্যবসা<br>পরিচালক, চেম্বার অব ক: | ০১৭১১৩৬৮৫১৬২ | [signature] 24-3-18 |
| ৬। | মোঃ আখতারুজ্জামান<br>পরিচালক<br>কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | ০১৭১৬৭১৮০০৭ | [signature] 24/3/18 |
| ৭ | খোন্দকার জিয়াউল হক<br>পরিচালক<br>কুষ্টিয়া চেম্বার অব কমার্স | ০১৭১১৬৮৮২২৫ | [signature] 24-03-18 |

"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের আওতায় ২৪/০৩/১৮ তারিখ শনিবার দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রীজ, কুষ্টিয়া প্রতিনিধিবৃন্দের সাথে আয়োজিত Participatory Rapid Appraisal (PRA) কর্মশালায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পেশা | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৮ | এ. এম. এস. মোস্তানুজ্জামান<br>ব্যবসা | 01711450101 | [signature] ২৪/০৩/২০১৮ |
| ৯ | রমেশ কান্ত চৌধুরী<br>ব্যবসা | ০১৯১১১৬৫৫৮৩ | [signature] ২৪/০৩/১৮ |
| ১০ | মো: [illegible]<br>সভাপতি<br>[illegible] কল্যাণ সমিতি<br>[illegible] | 01730-163363 | [signature] |
| ১১ | মো: হাবিবুল ইসলাম<br>ব্যবসা [illegible]<br>কুষ্টিয়া | 01716-052923 | [signature] |
| ১২ | মো: হাবিবুর রহমান<br>ব্যবসায়ী<br>কুষ্টিয়া | 01720563805 | [signature] ২৪/০৩/১৮ |
| ১৩ | মো: [illegible]<br>ব্যবসায়ী<br>কুষ্টিয়া | 01558318621 | [signature] 24.3.18. |
| ১৪. | Md. Awual Baksh<br>Asst. Urban Planner<br>Troyee associates | 01783-845404 | [signature] |

"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের আওতায় ২৪/০৩/১৮ তারিখ শনিবার দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রীজ, কুষ্টিয়া প্রতিনিধিবৃন্দের সাথে আয়োজিত Participatory Rapid Appraisal (PRA) কর্মশালায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পেশা | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫ | [illegible] | ০১৭১১৭৬২৬৬৬ | [signature] |
| ১৬ | মোঃ খাইরুল আলম পরিচালক, দি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ | 01715089004 | [signature] |
| ১৭ | আক্তারুজ্জামান সাহা সদস্য চেম্বার অব কমার্স | 01716447861 | আক্তারুজ্জামান |
| ১৮ | মোঃ মতিয়ার রহমান পরিচালক - দি - কুষ্টিয়া চেম্বার অব কমার্স ইন্ডা | ০১৭২৫-১১৩৫৭৪৫ | মতিয়ার ২৪/০৩/২০১৮ |
| ১৯ | মোঃ হারুন-অর-রশিদ পরিচালক দি, কুষ্টিয়া- চেম্বার অব কমার্স | ০১৭১১৭৪৫১৫২৬ | [signature] ২৪/৩/০১৮ |
| 20 | মোঃ আবু বকর সিদ্দিক SPO/ [illegible] অগ্রণী ব্যাংক লিঃ [illegible] কুষ্টিয়া | [illegible] | [signature] ২৪/৩/১৮ |
| ২১ | গৌরব চাকী ব্যারিস্টার - এট - ল আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | 01766979800 | Gourab Chaki 24.03.18. |

"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের আওতায় ২৪/০৩/১৮ তারিখ শনিবার দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রীজ, কুষ্টিয়া প্রতিনিধিবৃন্দের সাথে আয়োজিত Participatory Rapid Appraisal (PRA) কর্মশালায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পেশা | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২২ | মো: মোজাম্মেল হক<br>প্রি: প্রেসিডেন্ট | | ০১৭১১২৮০০০৬ |
| ২৩ | মো: নাইমুল ইসলাম মিলন<br>সদস্য দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স | ০১৭১১০০ ২৫৬৬ | ২৪/০৩/১৮ |
| ২৪ | সৈয়দ নাছির উদ্দিন আহমেদ<br>DD, NSI, Kushtia | 01715239592 | ২৪/০৩/১৮ |
| ২৫ | শেখ মাহবুবুর রহমান<br>Planner, Khulna | 01917-175798 | ২৪/০৩/১৮ |
| | | | |
| | | | |
| | | | |

“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা” শীর্ষক প্রকল্পের আওতায় গত ২৪/০৩/১৮ তারিখে কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ প্রতিনিধিবৃন্দের সাথে. চেম্বার ভবন. কুষ্টিয়া তে অনুষ্ঠিত **PRA** সেশন এর চিত্র।
















“প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা” শীর্ষক প্রকল্পের আওতায় গত ২৪/০৩/১৮ তারিখে কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ প্রতিনিধিবৃন্দের সাথে, চেম্বার ভবন, কুষ্টিয়া তে অনুষ্ঠিত PRA সেশন এর চিত্র।














"প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের আওতায় গত ২৪/০৩/১৮ তারিখে কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ প্রতিনিধিবৃন্দের সাথে. চেম্বার ভবন. কুষ্টিয়া তে অনুষ্ঠিত PRA সেশন এর চিত্র।











